উপজেলা পরিষদ
দীঘিনালা
খাগড়াছড়ি পার্বত্য জেলা
dighinala.khagrachhari.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২.৪৬৪৩.০০০.০৬.০০.২৩- ৩১

তারিখ ঃ ০২ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

-ঃ নোটিশ ঃ-

মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা এর স্মারক নং : ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫-৭৩২, তারিখ : ০৮/০৮/২০১৬ খ্রিঃ পত্র মূলে উপজেলা পরিষদের **মার্চ/২০২৩খ্রিঃ** মাসের মাসিক সাধারণ সভা আগামী **০৯-০৩-২০২৩ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার** বেলা ১১ : ০০ ঘটিকায় জনাব মো ঃ কাশেম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি তাঁরই সভাপতিত্বে উপজেলা পরিষদ অডিটরিয়ামে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো এবং সভায় যোগদানের সময় স্ব-স্ব বিভাগের **জানুয়ারি/২০২৩খ্রিঃ** মাসের কার্যপত্র সভা আরম্ভের পূর্বে ই-মেইল যোগে (uzpdighinala@gmail.com) অথবা সরাসরি পরিষদ কার্যালয়ে আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, যথাযথ কারণ ছাড়া উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় অফিস প্রধান ব্যতীত প্রতিনিধি প্রেরণ না করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

সভার আলোচ্যসূচি ঃ

০১। গত সভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন।
০২। স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৩। ২০২২-২৩ অর্থ বছরে এডিপি বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্পের কার্যক্রম বিষয়ে পর্যালোচনা।
০৪। ইউজিডিপি প্রকল্পের কার্যক্রম বিষয়ে পর্যালোচনা।
০৫। উপজেলা পরিষদ হস্তান্তরিত দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৬। বিবিধ।

০২/০৩/২৩

(মুহাম্মদ আরাফাতুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
দীঘিনালা
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
দীঘিনালা উপজেলা পরিষদ
খাগড়াছড়ি পার্বত্য জেলা
E-mail: uzpdighinala@gmail.com

অনুলিপি, সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮ খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০২। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি।
০৫। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি।
০৬। উপজেলা ----------------------------------------------------------------------------কর্মকর্তা, দীঘিনালা, খাগড়াছড়ি।
০৭। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, মেরুং/বোয়ালখালী/কবাখালী/দীঘিনালা/বাবুছড়া দীঘিনালা, খাগড়াছড়ি।
০৮। মিজ................................................... উঃ সংরক্ষিত ও ইউপি সদস্যা, মেরুং ইউনিয়ন পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি।
০৯। অফিস কপি।

উপজেলা পরিষদ
দীঘিনালা
খাগড়াছড়ি পার্বত্য জেলা
Website: dighinala.khagrachhari.gov.bd

(সভা নং-৫০)

উপজেলা পরিষদ মার্চ/২০২৩ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ কাশেম
চেয়ারম্যান, দীঘিনালা উপজেলা পরিষদ
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

সভার তারিখ ঃ ০৯-০৩-২০২৩ খ্রিঃ
সময় ঃ বেলা ১১ : ০০ ঘটিকা
স্থান ঃ উপজেলা পরিষদ সেমিনার কক্ষ।

*সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নাম ও পরিচিতি পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য*

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসারকে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। চেয়ারম্যান মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। গত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন, সংযোজন ও বিয়োজন না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। পরে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী। | গত সভায় অনুষ্ঠিত কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ২৩ ভোটে অনুমোদিত। | উপজেলা কমিটি সংশ্লিষ্ট সকল। |
| ০২ | উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | বিবেচ্য মাসে উপজেলা পরিষদ কমিটির কোন সুপারিশ না থাকায় সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করা গেল না। | উপজেলা পরিষদের গঠিত ১৭টি কমিটির সভা নিয়মিত করার জন্য উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় এবং সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে অনুরোধ করা হয়। | ১। ভাইস চেয়ারম্যানদ্বয় ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, দীঘিনালা। |
| ০৩ | ইউপি চেয়ারম্যানগণের প্রস্তাব, সুপারিশ ও কার্যক্রম বিষয়ে আলোচনা। | চেয়ারম্যান, কবাখালী ইউপি সভায় জানান, শান্তিপুর উচ্চ বিদ্যালয় এবং পাবলাখালী শান্তিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মিলে একটি খেলার মাঠ রয়েছে এবং ২টি স্কুলের মধ্য দিয়ে একটি গ্রামীন সড়কও রয়েছে। বর্তমানে পাবলাখালী সঃপ্রাঃবিদ্যালয়টি নতুন ভবনসহ ভাউন্ডারী ওয়াল নির্মানের কার্যক্রম চলমান রয়েছে। বিদ্যালয়টি বাউন্ডারী ওয়ালসহ নির্মাণ করা হলে দুই স্কুলের একমাত্র খেলার মাঠটি দুই ভাগ হয়ে ছোট হয়ে যাবে। তাই প্রাথমিক বিদ্যালয়ের আলাদা ভাউন্ডারী ওয়াল না দিয়ে দুই বিদ্যালয়ের জন্য একটি বাউন্ডারী ওয়াল নির্মাণের জন্য তিনি সভায় উপস্থিত সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করেন। | সংশ্লিষ্ট বিষয়টির বিষয়ে সভায় আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দীঘিনালা।<br>২। চেয়রম্যান কবাখালী ইউপি, দীঘিনালা। |
| ০৪ | ইউজিডিপি প্রকল্পের কার্যক্রম বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | উপজেলায় কর্মরত ইউডিএফ সভায় বলেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ৫ম পর্যায়ে সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণ ইতোমধ্যে সুষ্ঠ ও সুন্দরভাবে সমাপ্ত হয়েছে এবং প্রকল্প কার্যালয়ে সমাপ্ত প্রতিবেদন প্রেরণ করা হয়েছে মর্মে জানান। উপজেলা পরিষদের সংশ্লিষ্ট কার্যক্রমের উপর অনলাইনে উপজেলা ওয়েব পোর্টাল বিশ্লেষণ মাধ্যমে ৬ষ্ঠ পর্যায়ে দীঘিনালা উপজেলা পরিষদের সক্ষমতা যাচাই কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন হয়েছে মর্মে তিনি সভায় উপস্থিত সকলের সদং দৃষ্টি আকর্ষণ করেন। | উপজেলা পরিষদের ৬ষ্ঠ কর্মদক্ষতা চূড়ান্ত মূল্যায়নে যদি কোন তথ্য/ডকুমেন্ট প্রয়োজন পড়লে সংশ্লিষ্ট সকল অফিস প্রধানকে তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। পাশাপাশি উপজেলা ইউডিএফকে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা পরিষদ সকল দফতর প্রধানগণ দীঘিনালা, খাগড়াছড়ি।<br>২। ইউডিএফ, উপজেলা পরিষদ কার্যালয়, দীঘিনালা। |

## উপজেলা পরিষদ হস্তান্তরিত সরকারি দপ্তর দফতরমূহের কার্যক্রম বিষয়ে আলোচনা ও পর্যালোচনা

<table>
<tr><th>নং</th><th>সরকারি দপ্তরের নাম</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr>
<td>০১</td>
<td>
উপজেলা স্বাস্থ্য ও প: দপ্তর ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা তাঁর দপ্তরের ফেব্রুয়ারি/২০২৩ খ্রিঃ মাসের কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।
(১) সাধারণ চিকিৎসা কার্যক্রমের আওতায়- আন্তঃবিভাগে ৫৫৯ জন, বর্হিবিভাগে ৪৭৫৩ জন, জরুরী বিভাগে ৫৭১ জন এবং কমিউনিটি ক্লিনিকে ৪৬৯৫ জনকে সেবা প্রদান করা হয়েছে।
(২) প্রসূতি সেবা কার্যক্রমের আওতায়- এএনসি ১১৯৮ জন, পিএনসি ২৭২ জন এবং ডেলিভারী ২৭০ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে।
(৩) ম্যালেরিয়া ও ডেঙ্গু রোগী সেবা কার্যক্রমের আওতায়- পরীক্ষিত রক্তকাঁচ ও আরডিটি ১০৭১ জনকে পরীক্ষা করা হলেও কোন পজিটিভ রোগী পাওয়া যায়নি। এছাড়াও উপজেলা কোভিড সংক্রান্ত তথ্যের বিষয়ে নিম্নোক্তভাবে উপস্থাপন করা হয়।
<table>
<tr><td colspan="3">১ম ও ২য় ডোজ ভ্যাকসিন গ্রহণকারী (ছাত্র-ছাত্রী ৫-১১)</td><td colspan="3">১ম ডোজ ভ্যাকসিন গ্রহণকারী</td><td colspan="3">২য় ডোজ ভ্যাকসিন গ্রহণকারী</td><td colspan="3">৩য় ডোজ ভ্যাকসিন গ্রহণকারী</td></tr>
<tr><td>ছাত্র</td><td>ছাত্রী</td><td>মোট</td><td>পু</td><td>ম</td><td>মোট</td><td>পুরুষ</td><td>মহিলা</td><td>মোট</td><td>পুরুষ</td><td>মহিলা</td><td>মোট</td></tr>
<tr><td>৪৯১১</td><td>৫৮৯১</td><td>১০৮০২</td><td rowspan="5">৪২</td><td rowspan="5">৫১</td><td rowspan="5">৯৩</td><td rowspan="5">৪৩</td><td rowspan="5">৬৭</td><td rowspan="5">১১০</td><td rowspan="5">১৮৭</td><td rowspan="5">২১৫</td><td rowspan="5">৪০২</td></tr>
<tr><td colspan="3">৪র্থ ডোজ ভ্যাকসিন গ্রহণকারী</td></tr>
<tr><td>পুরুষ</td><td>মহিলা</td><td>পুরুষ</td></tr>
<tr><td>৯১৮</td><td>১১৭০</td><td>২০৮৮</td></tr>
</table>
সভাপতি, করোনা ঠিকার ৪র্থ ডোজের পর্যাপ্ততা বিষয়ে জানতে চাইলে তিনি সভায় বলেন, করোনা ভ্যাকসিনের ৪র্থ ডোজের ঠিকা পর্যাপ্ত রয়েছে। ৪র্থ ডোজের ঠিকার জন্য মোবাইলে কোন ম্যাসেজ লাগবে না। সরাসরি স্বাস্থ্য কেন্দ্রে ০৯.৩০টা থেকে ১২.০০ টা সময়ের মধ্যে ৪র্থ ডোজের ঠিকা নেয়া যাবে মর্মে তিনি সভায় জানান।
উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, জেলা পর্যায়ে উপজেলায় জন্ম নিবন্ধন সংক্রান্ত বিষয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় পার্বত্য এলাকায় শতভাগ জন্ম নিবন্ধনের আওতায় আনার বিষয়ে গুরত্ব দেয়া হয়। তাই দীঘিনালা পার্বত্য উপজেলায় এ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে জন্ম নিবন্ধন ক্যাম্পেইনের সাথে মেডিকেল ক্যাম্পেইন করার বিষয়ে উপজেলা ইউএইচএফপিও মোহদয়কে দৃষ্টি আকর্ষণ করেন।
উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো বলেন যে, দীঘিনালা উপজেলায় স্বাস্থ্য কমপ্লেক্সে স্বাস্থ্যসেবা প্রদানের পাশাপাশি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রে জনগণকে স্বাস্থ্যসেবা মান বৃদ্ধি করার প্রয়োজনীয়তা রয়েছে। তাই এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি উপজেলা ইউএইচএফপিওকে সদয় দৃষ্টি আকর্ষণ করেন।
</td>
<td>
১। উপজেলায় ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রে আরো বেশী স্বাস্থ্য সেবা প্রদানের নিমিত্তে প্রতি সপ্তাহে ০২ (দুই) বার সংশ্লিষ্ট ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে মেডিকেল অফিসার প্রেরণ নিশ্চিত করার জন্য উপাজেলা স্বাস্থ্য ও পঃ কল্যাণ কর্মকর্তাকে অনুরোধকরা করা হয়।
২। পার্বত্য দীঘিনালা উপজেলায় শতভাগ জন্ম নিবন্ধনের আওতায় আনার লক্ষ্যে জন্ম নিবন্ধন ক্যাম্পেইনের সাথে মেডিকেল ক্যাম্পেইনের একটি টিম গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা ইউএইচএফপিওকে অনুরোধ করা হয়।
</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, দীঘিনালা।</td>
</tr>
<tr>
<td>০২</td>
<td>
উপজেলা কৃষি দপ্তর ঃ উপজেলা কৃষি কর্মকর্তা তাঁর দপ্তরে জানুয়ারি/২০২৩খ্রিঃ মাসের কার্যক্রম সম্পর্কে সভায় বলেন যে, ২০২২-২৩ অর্থ বছরে রবি মৌসুমে ১৮৬০ হেক্টর বোরো ধানের আবাদ চূড়ান্ত হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে খরিফ-১/২০২৩-২৪ মৌসুমে আউশ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণের জন্য কৃষি প্রণোদনা কর্মসূচী'র আওতায় ১৫০০ (এক হাজার পাঁচশত ) জনের প্রণোদনা বরাদ্দ পাওয়া গিয়াছে এবং কৃষক নির্বাচন অগ্রগতি চলমান। ২০২২-২৩ অর্থ বছরে অনাবাদি পতিত ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্প এর আওতায় পারিবারিক পুষ্টি বাগান প্রদর্শনী উপজেলায় বিভিন্ন ব্লকে স্থাপন করা হচ্ছে এবং বর্তমানে প্রদর্শনীর কার্যক্রম চলমান। ২০২২-২৩ অর্থ বছরে লেবুজাতীয় ফসলের সম্প্রসারণ, ব্যবস্থাপনা ও উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় উপজেলা বিভিন্ন ব্লকে প্রদর্শনী স্থাপন করা হয়েছে এবং বর্তমানে প্রদর্শনীর কার্যক্রম চলমান। কাজুবাদাম ও কফি গবেষণা, উন্নয়ন সম্প্রসারণ প্রকল্প এর আওতায় ২০২২-২৩ অর্থ বছরে কাজুবাদাম ও কফির জাত ও বাণিজ্যিক প্রদর্শনী স্থাপন করা হয়েছে এবং বর্তমানে প্রদর্শনীর কার্যক্রম চলমান। ২০২২-২৩ মৌসুমে ৭৪০.০ হেক্টর শীতকালীন শাক-সবজি আবাদ হয়েছে এবং কর্তন অগ্রগতি চলমান। ২০২২-২৩ অর্থ বছরে রবি মৌসুমে প্রণোদনা কর্মসূচীর আওতায় ১৩০ টি ভূট্টা, ৩৫০ টি সরিষা, ২০ টি সূর্যমুখী, ৬০০টি উফশী বোরো ধান ও ১০০০ টি হাইব্রিড বোরো ধান প্রণোদনা প্রদর্শনী উপজেলার বিভিন্ন ব্লকে বাস্তবায়ন করা হয়েছে ও বর্তমান অবস্থা ভাল। সরিষা প্রণোদনা কর্তন অগ্রগতি চলমান হেক্টর প্রতি ফলন ১.১ মে.টন। রাজস্ব খাতের আওতায় ৩০টি সরিষা, ২০টি শীত ভূট্টা, ৫ টি পেঁয়াজ ও ৩০ টি বোরো ধানের প্রদর্শনী উপজেলার বিভিন্ন ব্লকে বাস্তবায়ন করা হয়েছে ও বর্তমান অবস্থা ভাল সরিষা প্রণোদনা কর্তন অগ্রগতি চলমান হেক্টর প্রতি ফলন ১.২ মে.টন।
</td>
<td>
১। উপজেলায় তামাক চাষে নিরুৎসাহিত করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।
২। সারাদেশে শুষ্ক মৌসুম চলমান থাকায় অগ্নিকান্ড ব্যাপক হারে বৃদ্ধি পাচ্ছে। তাই অগ্নিকান্ড হতে উপজেলাকে সুরক্ষিত রাখার লক্ষ্যে জনসচেতনতা সৃষ্টির জন্য সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা
</td>
<td>
১। উপজেলা কৃষি কর্মকর্তা, দীঘিনালা।
২। ষ্টেশন অফিসার, দীঘিনালা ফায়ার সার্ভিস, দীঘিনালা।
</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | ২০২২-২৩ অর্থ বছরে "রপ্তানীযোগ্য আম উৎপাদন প্রকল্প" আওতায় ১২ টি প্রদর্শনী বরাদ্দ পাওয়া গিয়াছে ও উপজেলায় বিভিন্ন ব্লকে বিভাজন করা হয়েছে এবং প্রদর্শনী অগ্রগতির কার্যক্রম চলমান। উপজেলায় এ বছর বাণিজ্যিকভাবে ফুল ঝাড়ুর চাষে ভালো ফলন হয়েছে। চাহিদার তুলনায় ফলন বেশী হওয়ার কারণে গত বছরের তুলনায় এক বছর কাঙ্খিত দর পাওয়া যাচ্ছে না। বর্তমানে অত্র উপজেলায় গডাউনে পর্যাপ্ত রাসায়নিক সার মজুদ রয়েছে তবে বর্তমানে শুষ্ক মৌসুম চলমান থাকায় সারাদেশে অগ্নিকান্ড ব্যাপক পরিমাণ বৃদ্ধি পাচ্ছে তাই উপজেলা অগ্নি নির্বাপক বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণের জন্য তিনি সভায় উপস্থিত সকলকে সদয় দৃষ্টি আকর্ষণ করেন। | গ্রহণের জন্য ষ্টেশন অফিসার, দীঘিনালা ফায়ার সার্ভিস কে অনুরোধ করা হয়। | |
| ০৩ | **উপজেলা প্রাণিসম্পদ দপ্তর** ঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা তাঁর দপ্তরে ফেব্রুয়ারি/২০২৩খ্রিঃ মাসের কার্যক্রম নিম্নোক্ত ভাবে উপস্থাপন করেন।<br>(১) টিকা প্রদান ঃ (ক) গবাদি পশু (সংখ্যা)- ১৬৯৮টি (খ) হাঁস/মুরগী ঃ হাঁস -মুরগী (সংখ্যা) ২৪৬০০ টি ।<br>(২) চিকিৎসা ঃ (ক) গবাদি পশু (সংখ্যা)ঃ ৭১৬টি, (খ) হাঁস/মুরগী (সংখ্যা)-১২৫৯০টি।<br>(৩) গবাদিপশুর রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ-০টি।<br>(৪) গবাদিপশু ও পাখির ডিজিস সার্ভিলেন্স সম্পাদন (সংখ্যা)ঃ ০২টি<br>(৫) গবাদিপশু ও হাঁস-মুরগীর খামার স্থাপন বিষয়ে উঠান বৈঠক আয়োজন (সংখ্যা)ঃ ২টি।<br>(৬) খামারী পর্যায়ে স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ(একর)ঃ ০.২৫ একর।<br>(৭) খামার পরিদর্শন (সংখ্যা) ঃ ৭টি (৮) কৃত্রিম প্রজনন সংখ্যা ১২৪ টি (৯) রাজস্ব আদায় হয়েছে ৯২৮৫/-টাকা আদায় হয়েছে মর্মে তিনি সভায় জানান। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল, কার্যক্রম সন্তোষজনক। | উপজেলা কমিটি ও সংশ্লিষ্ট সকল। |
| ০৪ | **স্থানীয় সরকার প্রকৌশল দপ্তর** ঃ উপজেলা প্রকৌশলী তাঁর দপ্তরে ফেব্রুয়ারি/২০২৩খ্রিঃ মাসের কার্যক্রম সম্পর্কে সভায় বলেন যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় গৃহীত প্রকল্পসমূহের কাজ চলমান রয়েছে এবং ইতোমধ্যে ৩০% কাজ সমাপ্ত করা হয়েছে মর্মে তিনি সভায় জানান। | ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি প্রাপ্ত বরাদ্দের আওতায় অনুমোদিত প্রকল্পসমূহের কাজ দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দীঘিনালা। |
| ০৫ | **উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর** ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা তাঁর দপ্তরে ফেব্রুয়ারি/২০২৩খ্রিঃ মাসের কার্যক্রম সম্পর্কে বলেন যে, উপজেলায় মোট সক্ষম দম্পতির সংখ্যা ১৭০৯৪ জন, খাবার বড়ি গ্রহণকারী (নতুন) ৩৪ জন, কনডম ব্যবহারকারী (নতুন) ১০ জন, ইনজেকশন গ্রহণকারী (নতুন) ০৯ জন, আইইউডি গ্রহণকারী (নতুন) ১৩ জন, ইমপ্ল্যান্ট গ্রহণকারী (নতুন) ৪২ জন স্থায়ী পদ্ধতি (ক) পুরুষ- ০০ জন (খ) মহিলা- ০০ জন, গর্ভখালাস (স্বাভাবিক ০৭ জন, সিজারিয়ান-০০ জন এবং অন্যান্য-০০ জন)। গর্ভবর্তী পরিচর্যা করা হয়েছে ২৪৩ জন, প্রসব পরবর্তী পরিচর্যা ৯৯ জন, চলতি মাসে জীবিত জন্মের সংখ্যা ৪৮ জন, উপজেলায় মৃতের সংখ্যা ২০ জন, সাধারণ রোগীর সেবা প্রদান ১৫১৩ জন, চলতি মাসে নবদম্পতি সংখ্যা ২৪ জন, উপজেলায় সর্বমোট পঃপঃ গ্রহণকারী (নতুন+পুরাতন) সংখ্যা ১৩,৫৩২ জন এবং এ কার্যালয়ে মোট সেবা গ্রহণকারীর হার ৭৯.১৬% মর্মে তিনি সভায় জানান। | ইউনিয়ন সিসি ক্লিনিকে সাধারণ রোগীর সেবার মান বৃদ্ধির লক্ষ্যে প্রতি সপ্তাহে ০২ (দুই) বার কেন্দ্রে মেডিকেল অফিসার প্রেরণ নিশ্চিত করার জন্য উপাজেলা স্বাস্থ্য ও পঃ কল্যাণ কর্মকর্তাকে অনুরোধ করা করা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, দীঘিনালা।<br><br>২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দীঘিনালা। |
| ০৬ | **উপজেলা শিক্ষা দপ্তর** ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা তাঁর দপ্তরে ফেব্রুয়ারি/২০২৩খ্রিঃ মাসের কার্যক্রম সম্পর্কে সভায় বলেন যে, (১) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা ও প্রমাপ অনুয়ায়ী উপজেলা শিক্ষা অফিসার ও সহকারী শিক্ষা অফিসার কর্তৃক ফেব্রুয়ারি মাসে ৩৫টি অধিক বিদ্যালয় পরিদর্শন করা হয়েছে। হোম ভিজিট, মা সমাবেশ (প্রতি বিদ্যালয়ে প্রতি মাসে ১ বার), অভিভাবক সভা ইত্যাদির মাধ্যমে শিক্ষার্থীদের পড়া শোনার মান যাচাই অগ্রগতি চলমান রয়েছে।<br><br>(২) উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুয়ায়ী ৭ই মার্চ যথাযোগ্য মর্যাদায় সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্বাস্থ্যবিধি মেনে সুষ্ঠ ও সুন্দরভাবে উদযাপন করা হয়েছে। পাশাপাশি আগামী ১৭ই মার্চ, ২৫ মার্চ এবং ২৬ মার্চ যথাযোগ্য মর্যাদায় স্বাস্থ্য বিধি অনুসরণ করে উপজেলায় সকল প্রাথমিক বিদ্যালয়ে দিবসসমূহ উদযাপনের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। এছাড়াও উপজেলায় নতুন নির্মাণাধীন প্রাথমিক বিদ্যালয়সমূহের নির্মাণ কাজ যথাযথভাবে মনিটরিং অব্যাহত রয়েছে মর্মে তিনি সভায় সদয় দৃষ্টি আকর্ষণ করেন। | ১। উপজেলায় শিক্ষার মান উন্নয়নের জন্য লক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা শিক্ষা কর্মকর্তা, দীঘিনালা। |

০৭ **উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অনুপস্থিত থাকার কারণে তাঁর দপ্তরের ফেব্রুয়ারি/২০২৩খ্রিঃ মাসের বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

অনুপস্থিত

০৮ **উপজেলা মৎস্য দপ্তর ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা তাঁর দপ্তরের ফেব্রুয়ারি/২০২৩খ্রিঃ মাসের কার্যক্রম সম্পর্কে সভায় বলেন যে, ২০২২-২৩ অর্থ বছরে সিএইচটি প্রকল্পের আওতায় উপজেলা মৎস্যচাষীদের প্রশিক্ষণের জন্য ১,৭৪,৯৬০ টাকা অর্থ বরাদ্দ পাওয়া যায়। প্রাপ্ত বরাদ্দের আলোকে প্রশিক্ষনার্থীদের আগামী ২৭-২৮ মার্চ/২০২৩খ্রিঃ তারিখে জেলা মৎস্য কর্মকর্তা মহোদয়ের উপস্থিতিতে উপজেলা অডিটোরিয়ামে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হবে মর্মে তিনি সভায় দৃষ্টি আকর্ষণ করেন।

বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল, কার্যক্রম সন্তোষজনক।

উপজেলা মৎস্য কর্মকর্তা, দীঘিনালা।

০৯ **উপজেলা সমাজসেবা দপ্তর ঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা তাঁর দপ্তরের ফেব্রুয়ারি/২০২৩খ্রিঃ মাসের কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থাপন করে।

সামাজিক নিরাপত্তা বেষ্ঠনী ঃ

| ক্রম | খাতের নাম | মাসের নাম | মোট উপকারভোগী | মোট টাকার পরিমান |
|---|---|---|---|---|
| ১ | বয়স্কা ভাতা | অক্টোবর-ডিসেম্বর/২৩ | ৫২২৭ | ৭৮৪০৫০০/- |
| ২ | বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা | অক্টোবর-ডিসেম্বর/২৩ | ২৬৩৯ | ৩৯৫৮৫০০/- |
| ৩ | প্রতিবন্ধী ভাতা | অক্টোবর-ডিসেম্বর/২৩ | ১৮৯৮ | ৪৮৩৯৯০০/- |
| ৪ | অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা | অক্টোবর-ডিসেম্বর/২৩ | ২৯ | ৪৩৫০০/- |
| ৫ | অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি | অক্টোবর-ডিসেম্বর/২৩ | ২৫ | ৬২৭০০/- |
| ৬ | প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি | অক্টোবর-ডিসেম্বর/২৩ | ৬৯ | ১৬৪১০০/- |
| ৭ | হিজড়া ভাতা | অক্টোবর-ডিসেম্বর/২৩ | ২ | ৩৬০০/- |
| | | মোট= | ৯৭৮৩ জন | ১৬৯১২৮০০/- |

ক্ষুদ্র ঋণ কার্যক্রম (আরএসএম ও আরএমসি) ঃ

| ক্রম | ক্ষুদ্র ঋণের খাতের | উপকারভোগীর সংখ্যা | ঋণের পরিমান |
|---|---|---|---|
| ১ | পল্লী মাতৃ কেন্দ্র (আরএমসি) ক্ষুদ্র ঋণ | ২৯ জন | ৭,৪৫,০০০.০০ |
| ২ | পল্লী সমাজসেবা (আরএসএস) ক্ষুদ্র ঋণ | ০৫ জন | ১,০০,০০০.০০ |
| ৩ | দগ্ধ ও প্রতিবন্ধী পূর্ণবাসন কার্যক্রম | ০৫ জন | ৬০,০০০.০০ |

সমাজসেবা কর্মকর্তা সভায় আরো জানান, উপজেলা ৩টি এতিম খানা রয়েছে এবং প্রত্যেক এতিম শিশুর জন্য প্রতি মাসে ২০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়ে থাকে। তাই উপজেলায় যদি কোন এতিম শিশু থাকেলে সংশ্লিষ্ট সমাজসেবা কার্যালয়ে যোগাযোগের জন্য অনুরোধ করেন।

আলোচনায় ইউএনও সভায় বলেন, এ উপজেলায় এতিম খানার তালিকাসহ ছাত্র-ছাত্রীর সংখ্যা এবং এ সংক্রান্ত নীতিমালা সংশ্লিষ্ট দপ্তরে কপি দেওয়ার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করেন।

১। উপজেলায় অবস্থিত এতিমখানার তালিকাসহ ছাত্র-ছাত্রীর তথ্য এবং এ সংক্রান্ত নীতিমালা সংশ্লিষ্ট কার্যালয়ে কপি দেওয়ার জন্য অনুরোধ করা হয়।

উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দীঘিনালা।

১০ **উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ দপ্তর ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা তাঁর দপ্তরের ফেব্রুয়ারি/২০২৩খ্রিঃ মাসের কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থাপন করনে।

| বরাদ্দের খাত | পর্যায় | মোট বরাদ্দ টাকা/ খাদ্যশস্য | প্রকল্প সংখ্যা | ছাড়কৃত অর্থ/ খাদ্যশস্য | অব্যয়িত অর্থ/ খাদ্যশস্য | কাজের বাস্তাবায়ন অগ্রগতির হার (%) |
|---|---|---|---|---|---|---|
| গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) উপজেলা পরিষদওয়ারী নগদ অর্থ | ১ম | ৩২১৫১৮৩.৪৬ | ২৬টি | ৩২১৫১৮৩.৪৬ | --- | ১০০% |
| গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) উপাজেলা পরিষদওয়ারী খাদ্যশস্য (চাল) | ১ম | ৩৩.৯২৭৮ মে:টন | ৬টি | ৩৩.৯২৭৮ মে:টন | --- | ১০০% |
| গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) উপাজেলা পরিষদওয়ারী খাদ্যশস্য (গম) | ১ম | ৩৩.৯২৭৮ মে:টন | ৬টি | ৩৩.৯২৭৮ মে:টন | --- | ১০০% |
| গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) উপজেলাওয়ারী নগদ অর্থ | ১ম | ৫০৮৯১২৫.৯৭/- | ১৬টি | ৫০৮৯১২৫.৯৭/- | --- | ১০০% |
| গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) জেলা প্রশাসক অনুকুলে নগদ অর্থ | ১ম | ২২০০০০/- | ২টি | ২২০০০০/- | --- | ১০০% |
| গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) নির্বাচনী এলাকাভিত্তিক নগদ অর্থ | ১ম | ১০০০০০০/- | ৪টি | ১০০০০০০/- | --- | ১০০% |
| গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) নির্বাচনী এলাকাভিত্তিক নগদ অর্থ | ১ম | ১২০০০০০/- | ৩টি | ১২০০০০০/- | --- | ১০০% |
| গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) উপজেলাওয়ারী খাদ্যশস্য (চাল) | ২য় | ৩৩.৯১৪৪মে:টন | ৮টি | --- | ৩৩.৯১৪৪মে:টন | কার্যক্রম প্রক্রিয়াধীন |

বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল, কার্যক্রম সন্তোষজনক করা হয়।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দীঘিনালা।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) উপজেলাওয়ারী খাদ্যশস্য (গম) | ২য় | ৬৭.৮২৮৭মে:টন | ১১টি | -- | ৬৭.৮২৮৭মে:টন | কার্যক্রম প্রক্রিয়াধীন |
| গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) উপজেলা পরিষদওয়ারী নগদ অর্থ | ২য় | ১৬৫৯৮৬৬.৫৮ মে:টন | ১১টি | -- | ১৬৫৯৮৬৬.৫৮ মে:টন | কার্যক্রম প্রক্রিয়াধীন |
| গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) জেলা প্রশাসক অনুকুলে নগদ অর্থ | ২য় | ১০০০০০/- | ১টি | -- | ১০০০০০/- | কার্যক্রম প্রক্রিয়াধীন |
| গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) উপজেলাওয়ারী নগদ অর্থ | ২য় | ৫০৮০৩১৮.৩০ মে:টন | ২০টি | -- | ৫০৮০৩১৮.৩০ মে:টন | কার্যক্রম প্রক্রিয়াধীন |
| গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) নির্বাচনী এলাকা ভিত্তিক (গম) | ২য় | ২৫.০০ মে:টন | ০২টি | -- | ২৫.০০ মে:টন | কার্যক্রম প্রক্রিয়াধীন |
| অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) | ১ম | ১০১৬টি কার্ড | ১৮টি | -- | -- | ১০০% |
| গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ। (২য় পর্যায়) | | ৭০৯৬০০০/- (১০০০মিটার) | ১টি | ১২০০০০০ | ৫৮,৯৬০০০ | ৯০% |
| দুর্যোগসহনীয় বাসগৃহ নির্মাণ | | ২৯১৬৫০০০/- | ১০০টি | ১০০০০০০০ | ১৯১৬৫০০০ | ৪০% |

১১ **উপজেলা যুব উন্নয়ন দপ্তর ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি তাঁর দপ্তরের ফেব্রুয়ারি/২০২৩খ্রি: মাসের বিভাগীয় কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থপন করেন।

(ক) আত্নকর্মসংস্থান কর্মসূচির আওতায় ঃ প্রধান কার্যালয় থেকে প্রাপ্ত ২৫,৩৮,১২৫ টাকা, ঘূর্ণায়মান ঋণ বিতরণ-৩,১৮,৪০,০০০টাকা, আদায়যোগ্য ২,৯৭,৬২,২৬৫ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ আদায়- ২,৮৬,০৭,৩৩২ টাকা, মোট খেলাপি-১৪,৮৮,৬৫২ টাকা, ক্রমপুঞ্জিত আদায় হার ৯৬%, মোট ঋণী সংখ্যা ১৪১২ জন, মোট উপকারভোগীর সংখ্যা ৯৫৫ জন, ২০২২-২০২৩ অর্থ বছরে ঋণ বিতরণ ১১,৪৫,০০০ টাকা।

(খ) পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচি ঃ মোট তহবিল- ২০,০০,০০০ টাকা, ঘূর্ণায়মান ঋণ বিতরণ- ১,২৫,৬০,০০০ টাকা, মোট আদায়যোগ্য- ১,২১,৯৫,২০০ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ আদায়- ১,১৯,৪৭,৮০০ টাকা, খেলাপি ঋণ ২,৩৬,৪০০ টাকা, ক্রমপুঞ্জিত আদায় হার ৯৮%, মোট ঋণী সংখ্যা- ৯০৫ জন, মোট উপকারভোগী সংখ্যা ৪৫৫ জন।

(গ) জোরদার প্রকল্পের আওতায় ঃ মোট তহবিল- ২,০০,০০০ টাকা, মোট বিতরণ- ৪,২০,০০০, মোট আদায়যোগ্য- ৩,০০,০০০ টাকা, ক্রমপুঞ্জিত আদায়-৩,০০,০০০ টাকা, ক্রমপুঞ্জিত আদায়ের হার ১০০%।

**সিদ্ধান্ত:** বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল, আদায় হার সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয় হয়। পাশাপাশি বকেয়া টাকা আদায়সহ বকেয়া ঋণী সদস্য কমানোর জন্য নির্দেশ প্রদান করা হয়।

**দায়িত্ব:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দীঘিনালা।

১২ **উপজেলা সমবায় দপ্তর ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা তাঁর দপ্তরে ফেব্রুয়ারি/২০২৩খ্রিঃ মাসের কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

| সমিতি নিবন্ধন | | | বিআরডিবি | | সুবিধাভোগী সমবায়ী সংখ্যা | | | ২০২২-২৩ অর্থ বছরে অডিটযোগ্য সমিতি | অডিট অগ্রগতি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বিভাগীয় | চলতি মাসে বাতিল | মোট | কেন্দ্রিয় | প্রাথমিক | পুরুষ | মহিলা | সর্বমোট | | গত মাস পর্যন্ত | চলতি মাসে | মাস শেষে |
| ৮৪ | ০৬টি | ৭৮টি | ১টি | ৮৭টি | ৭৬৭৮ জন | ৬৪০ জন | ৮৩১৮ জন | ৫৬টি | ৫২টি | ১২টি | ৬৪টি |

রাজস্ব আদায় লক্ষ্যমাত্রা ঃ ২২,১২০/- টাকা, আদায়-২২,১২০/- টাকা। আদায় হার ১০০%। সি.ডি.এফ (সমবায় উন্নয়ন তহবিল) লক্ষ্যমাত্রা ৮১৪৬/- টাকা, আদায় ৮১৪৬/- টাকা, আদায় হার ১০০% মর্মে তিনি সভায় জানান।

উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রী কার্যালয় হতে সমবায় সমিতি গুচ্ছ আকারে করার নির্দেশনা রয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল হতে প্রদত্ত দুর্যোগসহনীয় প্রায় ঘরগুলো বিভিন্ন পাড়ায় গুচ্ছ আকারে নির্মাণ করা হয়েছে। তাই সে সমস্ত এলাকায় গুচ্ছ আকারে সমবায় সমিতি করা যায় কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে দৃষ্টি আকর্ষণ করেন।

**সিদ্ধান্ত:** মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল হতে প্রদত্ত দুর্যোগসহনীয় ঘর যে এলাকা বা পাড়ায় নির্মাণ করা হয়েছে সে সমস্ত এলাকায় গুচ্ছ আকারে সমবায় সমিতি করা যায় কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

**দায়িত্ব:** উপজেলা সমবায় কর্মকর্তা, দীঘিনালা।

১৩ **উপজেলা মহিলা ও শিশু বিষয়ক দপ্তর ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি তাঁর দপ্তরের ফেব্রুয়ারি/২০২৩খ্রি: মাসের কার্যক্রম সম্পর্কে নিম্নোক্ত ভাবে উপস্থাপন করেন-

(১) ভিডব্লিউবি কার্যক্রম : ২০২২-২০২৩ অর্থ বছরে (ভিডব্লিউবি) চক্রের উপকারভোগীদের জানুয়ারি-ফেব্রুয়ারি/২০২৩খ্রি: পর্যন্ত ০২(দুই) মাসের চাল বিতরণ করা হয়েছে। বরাদ্দ প্রাপ্তী সাপেক্ষে মার্চ/২০২৩ হতে জুন/২০২৩খ্রি: পর্যন্ত ০৪(চার) মাসের (ভিডব্লিউবি) চক্রের উপকারভোগী ১২৯৬ জনের মাঝে পুষ্টি কার্নেল মিশ্রিত চাল বিতরণ করা হবে।

(২) আইজিএ প্রশিক্ষণ কার্যক্রম : উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রকল্পের আওতায় (ফ্যাশন ডিজাইন ও মোমবাতি) প্রকল্প কার্যালয় হতে বরাদ্দ না থাকার কারণে প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ রয়েছে।

**সিদ্ধান্ত:** (১) কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল। সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের লক্ষ্যে সকলের সমন্বয়ের মাধ্যমে কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।

<table>
<tr>
<td></td>
<td>(৩) কিশোর কিশোরী ক্লাবঃ কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় ৫টি ইউনিয়নে ৫টি ক্লাব রয়েছে। প্রতি ক্লাবে কিশোর ১০ জন এবং ২০ জন কিশোরীকে প্রশিক্ষকের মাধ্যমে সংগীত ও আবৃত্তি বিষয়ে শিখন কার্যক্রম চলমান রয়েছে।<br><br>(৪) আত্নকর্মসংস্থানে জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম : আত্নকর্মসংস্থানে জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় ৫-১৫ হাজার টাকা পর্যন্ত স্বল্পসুদে ১১৭ জন মহিলাদের মাঝে সর্বমোট ৭,৫০,০০০/- টাকা আত্ন-কর্মসংস্থানের জন্য ঋণ বিতরণ করা হয়েছে।<br><br>(৫) মাতৃত্বকাল ভাতা কার্যক্রমঃ মাতৃত্বকাল ভাতা কার্যক্রমের আওতায় অত্র উপজেলায় ৯০৬ জন মাতৃত্বকাল উপকারভোগীদের মাঝে বরাদ্দ প্রাপ্তী সাপেক্ষে প্রতি মাসে ৮০০/- (আটশত) টাকা করে তিন বছর পর্যন্ত মাতৃত্ব ভাতা পেয়ে থাকেন। অত্র উপজেলায় ৫টি ইউনিয়নে নতুন ভাতাভোগীর তালিকা প্রণয়নের জন্য কার্যক্রম অনলাইনে আবেদন কার্যক্রম চলমান রয়েছে মর্মে তিনি সভায় জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন, উপজেলায় বাস্তবায়িত আইজিএ প্রকল্পের আওতায় ২টি ট্রেডে অনেক প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ দেয়া হয়েছে কিন্তু প্রশিক্ষণ লব্দ জ্ঞানকে কাজে লাগিয়ে এ পর্যন্ত কোন নারী উদ্যোগক্তা পাওয়া যায়নি। তাই বাস্তব প্রশিক্ষণকে কাজে লাগিয়ে উদ্যোগক্তা সৃষ্টি লক্ষ্যে এ বিষয়ে দিক নির্দেশনা প্রদানের জন্য সময়ে সময়ে প্রশিক্ষণ চলাকালীন সময়ে জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট প্রশাসনের উর্দ্ধতন কর্মকতাকে সংপৃক্ত করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। পাশাপাশি উপজেলায় কিশোর-কিশোরী ক্লাবসমূহ মনিটরিংয়ের নিমিত্তে সকল ক্লাবের তালিকা সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td>
<td>(২) আইজিএ প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রশিক্ষনার্থীদের প্রশিক্ষণ লব্দ জ্ঞানকে কাজে লাগিয়ে উদ্যোগক্তা সৃষ্টি লক্ষ্যে এ বিষয়ে দিক নির্দেশনা প্রদানের জন্য সময়ে সময়ে জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট প্রশাসনের উর্দ্ধতন কর্মকতাকে সংপৃক্ত করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br><br>৩। উপজেলায় কিশোর-কিশোরী ক্লাবসমূহ মনিটরিংয়ের নিমিত্তে সকল ক্লাবের তালিকা সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দীঘিনালা।</td>
</tr>
<tr>
<td>১৪</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা তাঁর দপ্তরে ফেব্রুয়ারি/২০২৩খ্রিঃ মাসের কার্যক্রমের প্রতিবেদন নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।
<table>
<tr><th rowspan="2">নং</th><th rowspan="2">কার্যক্রম</th><th>বার্ষিক লক্ষ্যমাত্রা (২০২২-২০২৩)</th><th colspan="2">অর্জন (২০২২-২০২৩)</th><th rowspan="2">বার্ষিক অগ্রগতি হার</th><th rowspan="2">ক্রমপুঞ্জিত অর্জন</th></tr>
<tr><th>বছরে</th><th>ফেব্রুয়ারি/২৩ মাসে</th><th>বছরে</th></tr>
<tr><td>১</td><td>সমিতি গঠন</td><td>০</td><td>০</td><td>০</td><td>০%</td><td>১৬১</td></tr>
<tr><td>২</td><td>সদস্য ভর্তি</td><td>২৪ জন</td><td>০</td><td>০</td><td>০%</td><td>৩২৭৭জন</td></tr>
<tr><td>৩</td><td>শেয়ার জমা</td><td>০.৬৫</td><td>-</td><td>০.৫৮</td><td>৮৯%</td><td>২২.৪২</td></tr>
<tr><td>৪</td><td>সঞ্চয় জমা</td><td>৪.২৫</td><td>০.৪৫</td><td>৬.২২</td><td>১০০%</td><td>১৫৩.৮০</td></tr>
<tr><td>৫</td><td>ঋণ বিতরণ</td><td>১৫০.০০</td><td>--</td><td>১১৩.৮০</td><td>৫৫%</td><td>২১৫৮০.৪০</td></tr>
<tr><td>৬</td><td>ঋণ গ্রহীতার সদস্য</td><td>৫০০</td><td>--</td><td>৩২০</td><td>৪৯%</td><td>৩১৬১</td></tr>
<tr><td>৭</td><td>ঋণ আদায়</td><td>১৪০.০০</td><td>১৫.৬৮</td><td>১২২.৫৩</td><td>৫৮%</td><td>২০০৬.৮৯</td></tr>
<tr><td>৮</td><td>প্রশিক্ষণ</td><td>৬০ জন</td><td>০</td><td>০</td><td>০%</td><td>১১৮০</td></tr>
<tr><td>৯</td><td>সমিতি অডিট</td><td>৮৭টি</td><td>০২টি</td><td>৩৬টি</td><td>৩৬%</td><td>৮৭টি</td></tr>
<tr><td>১০</td><td>সমিতি এজিএম</td><td>৮৭</td><td>০২</td><td>৩৬</td><td>৩৬%</td><td>৮৭</td></tr>
<tr><td>১১</td><td>সমিতি নির্বাচন</td><td>১৮</td><td>০</td><td>০৫</td><td>২৭%</td><td>৮৭</td></tr>
<tr><td>১২</td><td>সদস্য পরিদর্শন</td><td>১৬০</td><td>১২</td><td>৮৭</td><td>৪২%</td><td>১৬০ জন</td></tr>
</table>
</td>
<td>বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল, কার্যক্রম সন্তোষজনক।</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দীঘিনালা।</td>
</tr>
<tr>
<td>১৫</td>
<td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর ঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী তাঁর দপ্তরে ফেব্রুয়ারি/২০২৩খ্রিঃ মাসের কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থাপন করেন-<br>(১) ২০২১-২০২২ অর্থ বছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৩০টি গভীর এবং অগভীর নলকূপের বরাদ্দ পাওয়া যায় এবং বর্ণিত বরাদ্দে বিপরীতে ১০৫টি কাজ সম্পন্ন হয়েছে এবং বাকীগুলোর কাজ চলমান রয়েছে।<br><br>(২) ৫৮ গ্রামে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৭টি কাজের মধ্যে ইতোমধ্যে ৪টি কাজ সম্পন্ন করা হয়েছে এবং সংশ্লিষ্টদের নিকট হস্তান্তর করা হয়েছে। বাকী ৩টি কাজ চলমান রয়েছে। একই প্রকল্পের আওতায় ৬টি পাবলিক টয়লেটের কাজ চলমান রয়েছে।<br><br>(৩) স্কুল পর্যায়ে পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ৬টি বিদ্যালয়ের দ্বীতল ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে।<br><br>(৪) মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ১ম পর্যায়ে জলাধারসহ ১৩ টি নলকূপ এবং ২য় পর্যায়ে ৪০টি নলকূপসহ সর্বমোট ৫৩টির কাজ সম্পন্ন করা হয়েছে। ৩য় পর্যায়ের কাজ শুরু হয়েছে এবং ৩টি কাজ সম্পন্ন হয়েছে।<br><br>(৫) তীব্র পানি সংকট ৯ মাইল এবং মায়াফা পাড়া এলাকায় গত ০৮-০১-২০২৩ খ্রিঃ তারিখে মাননীয় এমপি মোহদয়ের মাধ্যমে উৎপাদক নলকূপের কাজটি উদ্বোধন করা হয়েছে। যাহা ৯ মাইল এলাকায় বসবাসকারী পরিবারের জন্য দীর্ঘ দিনের প্রত্যাশা ছিল। এছাড়াও একই প্রকল্পের আওতায় মায়াফা পাড়া এলাকায়ও উৎপাদক নলকূপ স্থাপনের মাধ্যমে পানির সন্ধান পাওয়া গিয়াছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সন্তোষজনক পর্যায়ে রয়েছে মর্মে তিনি সভায় জানান।</td>
<td>কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল। উপজেলায় তীব্র পানি সংকট এলাকায় নতুন পানির উৎস/জলধার নির্মাণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, দীঘিনালা।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১৬ | **উপজেলা পরিবেশ ও বন দপ্তর ঃ**<br>(ক) মেরুং রেঞ্জ- (খ) হাজাছড়ি রেঞ্জ- (ক) নাড়াইছড়ি রেঞ্জ ঃ হাজাছড়ি রেঞ্জ কর্মকর্তা সভায় বলেন যে, হাজাছড়ি রেঞ্জের আওতাধীন ৪টি অবৈধ করাত কল রয়েছে। বিগত উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে অবৈধ করাত কল এর বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনাসহ অবৈধ করাত-কল বন্ধ করে দেয়া হয়। কিন্তু কিছু দিন পরে আবার অবৈধ করাত-কলসমূহের কার্যক্রম চালু রয়েছে। অবৈধ করাত-কলসমূহের কার্যক্রম বন্ধের জন্য লিখিতভাবে বলা হলেও কোনভাবে বন্ধ করা যাচ্ছে। তাই অবৈধ করাত কলের বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে তিনি উপাজেলা নির্বাহী অফিসার মহোদয়কে সদয় দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>সভাপতি, হাজাছড়ি রেঞ্জ কর্মকর্তার নিকট বৈধভাবে করাত-কল স্থাপনের বিষয়ে মালিকগণ সংশ্লিষ্ট দফতরের আবেদন করেছেন কিনা জানতে চাইলে তিনি বলেন, করাত-কল স্থাপনের জন্য সংশ্লিষ্ট দপ্তরে মালিকগণ আবেদন করলেও নীতিমালার সাথে সাংঘর্ষিক থাকার কারণে বৈধতা দেওয়া হয়নি মর্মে তিনি সভায় জানান। | পরিবেশ ও বণ সংরক্ষণের লক্ষ্যে অবৈধ করাত-কল বন্ধের প্রয়োজনীতা রয়েছে। তাই অবৈধ করাত কল স্থাপনের বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা রেঞ্জ কর্মকর্তা (সকল), দীঘিনালা। |

বিবিধ বিষয়ে আলোচনা :

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | উপজেলা আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) সভায় বলেন যে, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নির্দেশনা অনুসারে সকল আবাসিক সরকারি কোয়ার্টারে প্রি-পেইড মিটার স্থাপনের জন্য মাঠ পর্যায়ে নির্দেশনাসহ প্রি-পেইড মিটার বরাদ্দ প্রদান করা হয়েছে। বর্ণিত নির্দেশনা অনুয়ায়ী দীঘিনালা উপজেলায় সকল আবাসিক কোয়ার্টারসমূহের বরাদ্দকৃত প্রি-পেইড মিটার স্থাপনের নিমিত্তে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য তিনি সভায় উপস্থিত সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করেন। | সিদ্ধান্ত ঃ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক উপজেলায় সকল আবাসিক কোয়ার্টারসমূহে প্রি-পেইড মিটার স্থাপনের জন্য উদ্যোগ গ্রহণ করায় সভায় উপস্থিত সকলে ভূয়ষী প্রশংসা করেন। তাই প্রি-পেইড মিটার স্থাপনের সময়ে সংশ্লিষ্ট সকলকে সহযোগীতা করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কমিটি ও সংশ্লিষ্ট সকণ। |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার, দীঘিনালা সভায় জানান যে, উপাজেলা পরিষদ কার্যালয়ে নিয়মিত ০৪ (চার) জন কর্মচারী (১) কিরণ চাকমা, সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর (২) সিনিটর চাকমা, জীপ চালক (৩) সুকেল চাকমা, অফিস সহায়ক (৪) সুজন চাকমা, অফিস সহায়ক তারা উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধি, ২০১০ অনুয়ায়ী প্রদেয় ভবিষ্য তহবিল হিসাব নম্বর খোলা ও এ যাবৎ উপজেলা পরিষদের নিকট গৃহীত মূল বেতনের বকেয়া ১০% অর্থ ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাবে পরিশোধের জন্য আবেদন করেন। এ বিষয়ে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা হতে বিগত ০৩-০৩-২০২০খ্রি: তারিখের ৩১৮ নং স্মারকপত্র এবং ১৬-০৮-২০১৭খ্রি: তারিখের ১০২৩ নং স্মারকপত্রের প্রদয়ে ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাব খোলার জন্য নির্দেশনা প্রদান করেছেন। তিনি উপজেলা পরিষদের ০৪ (চার) জন কর্মচারীর প্রদেয় ভবিষ্য তহবিল খোলা ও বকেয়া পাওনা পরিশোধ সংক্রান্ত বিষয়ে সভায় আলোচনা করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধি, ২০১০ অনুযায়ী প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) খোলা সংক্রান্ত বিষয়ে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা হতে প্রাপ্ত পত্রের নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদের ০৪ (চার) জন কর্মচারীর আবেদনের প্রেক্ষিতে স্ব স্ব কর্মচারীর নামে উপজেলা নির্বাহী অফিসার, দীঘিনালা এর যৌথ স্বাক্ষরে পরিচালিত সঞ্চয়ী হিসাব খোলার জন্য ম্যানেজার, সোনালী ব্যাংক লি: দীঘিনালা শাখাকে অনুরোধ করা হয়। পাশাপাশি উপজেলা পরিষদ কর্মচারীগণ যোগদানের তারিখ হতে গৃহীত মূল বেতনের ১০% পাওনা অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্যের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপ-সচিব, স্থানীয় সরকার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, দীঘিনালা।<br>৩। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি:, দীঘিনালা শাখা। |

অতঃপর সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আবারও শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ কাশেম)
চেয়ারম্যান
দীঘিনালা উপজেলা পরিষদ
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ই-মেইল : uzpdighinala@gmail.com

স্মারক নং-৪৬.০২.৪৬৪৩.০০০.০৬.০০২.২৩-১১

তারিখ ঃ ১৩-০৩-২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮ খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। প্রকল্প পরিচালক (যুগ্নসচিব), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল ভবন, ১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা-১০০০।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৭। জেলা.....................................................................উপ-পরিচালক/কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৮। উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৯। উপজেলা.........................................................................................কর্মকর্তা, দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০। চেয়ারম্যান (সকল), বোয়ালখালী/মেরুং/কবাখালী/দীঘিনালা/বাবুছড়া ইউনিয়ন পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১১। উপজেলা সংরক্ষিত মহিলা সদস্য, মিজ........................................... মেরুং/কবাখালী ইউপি, দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১২। জনাব ....................................................................................................দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা

(মুহাম্মদ আরাফাতুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
দীঘিনালা
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
দীঘিনালা উপজেলা পরিষদ
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ই-মেইল : unodighinala@mopa.gov.bd

উপজেলা পরিষদ সাধারণ সভায় মার্চ/২০২৩খ্রিঃ মাসে উপস্থিত সদস্যগণের নাম পরিচিতি 'ক' (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব মোঃ কাশেম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দীঘিনালা। |
| ০২ | মুহাম্মদ আরাফাতুল আলম, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, দীঘিনালা। |
| ০৩ | জনাব মোঃ মোস্তফা কামাল, ভাইস চেয়ারম্যান (পুরুষ), উপজেলা পরিষদ, দীঘিনালা। |
| ০৪ | মিজ সীমা দেওয়ান, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, দীঘিনালা। |
| ০৫ | জনাব মোঃ আব্দুল্ল্যাহ, প্রতিনিধি, চেয়ারম্যান, ৫নং বাবুছড়া ইউনিয়ন পরিষদ, দীঘিনালা। |
| | জনাব প্রজ্ঞান জ্যোতি চাকমা, চেয়ারম্যান, ৪নং দীঘিনালা ইউনিয়ন পরিষদ, দীঘিনালা। |
| ০৬ | জনাব ঝিনুরায় পোমাং, প্রদিনিধি, চেয়ারম্যান, ২নং বোয়ালখালী ইউনিয়ন পরিষদ, দীঘিনালা। |
| ০৭ | জনাব নলেজ চাকমা, চেয়ারম্যান, ৩নং কবাখালী ইউনিয়ন পরিষদ, দীঘিনালা |
| ০৮ | ডা.জাহেদুল আলম, প্রতিনিধি, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, দীঘিনালা। |
| ০৯ | জনাব মোঃ শাহাদাত হোসেন, উপজেলা কৃষি কর্মকর্তা, দীঘিনালা। |
| ১০ | জনাব নিটু দেওয়ান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দীঘিনালা। |
| ১১ | ডা. সুমেন চাকমা, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দীঘিনালা । |
| ১২ | জনাব অরুন কুমার দাশ, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দীঘিনালা। |
| ১৩ | জনাব প্রদিৎ চাকমা, প্রতিনিধি, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দীঘিনালা। |
| ১৪ | জনাব প্রিয় সম্পদ চাকমা, প্রতিনিধি, উপজেলা মৎস্য কর্মকর্তা, দীঘিনালা। |
| ১৫ | জনাব ত্রিরতন চাকমা, উপজেলা সমবায় কর্মকর্তা, দীঘিনালা। |
| ১৬ | মিজ সুস্মিতা ত্রিপুরা, উপজেলা শিক্ষা অফিসার (ভাঃ), দীঘিনালা। |
| ১৭ | জনাব আব্দুস সালাম, উপজেলা প্রকল্প বাস্তাবয়ন কর্মকর্তা, দীঘিনালা। |
| ১৮ | জনাব হুমায়ন কবির পাটোয়ারী, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দীঘিনালা। |
| ১৯ | জনাব কৃতেন্দ্রিয় চাকমা, প্রতিনিধি, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দীঘিনালা। |
| ২০ | জনাব মোঃ আব্দুল্লাহ, প্রতিনিধি, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দীঘিনালা। |
| ২১ | জনাব শাসসুল আলম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ২২ | জনাব মোঃ আব্দুল জলিল, রেঞ্জ কর্মকর্তা, নাড়াইছড়ি রেঞ্জ, দীঘিনালা। |
| ২৩ | জনাব সুব্রত কুমার দাস, প্রতিনিধি, রেঞ্জ কর্মকর্তা, মেরুং রেঞ্জ, দীঘিনালা। |
| ২৪ | জনাব মোঃ শহীদুল ইসলাম, প্রতিনিধি, রেঞ্জ কর্মকর্তা, হাজাছড়ি রেঞ্জ, দীঘিনালা। |
| ২৫ | জনাব সন্তোষ চাকমা, আবাসিক প্রকৌশলী, বিপিডিবি, দীঘিনালা। |
| ২৬ | জনাব স্বহৃদ চাকমা, উপজেলা ডেভেলফমেন্ট ফ্যাসিলিটেটর, উপজেলা পরিষদ কার্যালয়, দীঘিনালা। |
| | |

উপজেলা পরিষদ সাধারণ সভায় মার্চ/২০২৩খ্রিঃ মাসে অনুপস্থিত সদস্যগণের নাম পরিচিতি 'ক' (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব মাহমুদা বেগম, চেয়ারম্যান ১নং মেরুং ইউনিয়ন পরিষদ, দীঘিনালা। |
| ০২ | জনাব আবদুল্লাহ আল মামুন, প্রতিনিধি, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দীঘিনালা। |
| | |